# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৭১]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৫১ : লোকদের রাস্তা-ঘাটে এবং ছায়াতলে পেশাব-পায়খানা করা নিষেধ

(351) بَابُ النَّهْيِ عَنِ التَّغَوُّطِ فِيْ طَرِيْقِ النَّاسِ وَظِلِّهِمْ وَمَوَارِدِ الْمَاءِ وَنَحْوِهَا

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «اِتَّقُوا اللاَّعِنَيْنِ» قَالُوا : وَمَا اللاَّعِنَانِ ؟ قَالَ: «الَّذِي يَتَخَلَّى فِي طَرِيقِ النَّاسِ أَوْ فِي ظِلِّهِمْ» . رواه مسلم

বাংলা

মহান আল্লাহ বলেন,

﴿وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا﴾ [الاحزاب : ٥٨]

অর্থাৎ যারা বিনা অপরাধে ঈমানদার পুরুষ ও নারীদেরকে কষ্ট দেয়, তারা অবশ্যই মিথ্যা অপবাদ এবং স্পষ্ট অপরাধের বোঝা বহন করে। (সূরা আহযাব ৫৮ আয়াত)

---

১/১৭৮০। আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’দু’টি অভিসম্পাত আনয়নকারী কর্ম থেকে দূরে থাক।’’ সাহাবীগণ জিজ্ঞাসা করলেন, ’’দু’টি অভিসম্পাত আনয়নকারী কর্ম কি কি?’’ তিনি [উত্তরে] বললেন, ’’যে ব্যক্তি মানুষের রাস্তায় এবং তাদের ছায়ার স্থলে পায়খানা করে [তার এ দু’টি কাজ অভিসম্পাতের কারণ]।’’ (মুসলিম)[1]

* [প্রকাশ থাকে যে, আম বাথরুমে পেশাব-পায়খানা করার পর পানি ঢেলে পরিষ্কার না করে দিলে ঐ অভিসম্পাত আসতে পারে।]

## English

(351) Chapter: Prohibition of Relieving Nature on the Paths

Abu Hurairah (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Avoid two habits which provoke cursing." The Companions said: "What are those things which provoke cursing?" He said, "Relieving on the thoroughfares or under the shades where people take shelter and rest."

Commentary: We learn from this Hadith that a Muslim must avoid all such things which cause inconvenience to other Muslims. If one uses the places mentioned in this Hadith as toilet, this would not only cause inconvenience to the public but may also cause an epidemic. It is also necessary to avoid such things for the sake of cleanliness. Some religious scholars are of the opinion that this act is deemed to be a major sin, as it brings people's curses upon the one who practices it.

## ফুটনোট

[1] মুসলিম ২৬৯, আবূ দাউদ ২৫, আহমাদ ৮৬৩৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32503

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন